# Assignment Cover Page

Title :- Philosophy of officiating.

Name :- Puja Adak

Class Roll :- 08

Sub :- Physical Education

Paper :- EC 102

Submission Date :- 4.12.23

Signature of Student

Puja Adak.

Signature of Teacher

পরিচালনার দর্শন :

⊞ ক্রীড়া পরিচালনায় সফল হতে গেলে পরিচালকের একটি নির্দিষ্ট দর্শন থাকা আবশ্যক। অ্যামেরিকান ফুটবল খেলার পরিচালক বিখ্যাত রেফারি টম কুহন ক্রীড়া পরিচালনার এই দর্শনটিকে একটি তিন পাওয়ালা টুলের সাথে তুলনা করেছেন। যেখানে একটি পা হল জ্ঞান, অপরটি হল যান্ত্রিকতা বা কৌশল এমন তৃতীয়টি হল দর্শন। এই তিনটি পা শক্তিশালী হলে ক্রীড়া পরিচালনা এবং শক্তিশালী হয়, যার ফলে খেলোয়াড়রা খেলে আনন্দ পায়, প্রশিক্ষকরা প্রশিক্ষণের যথাযথ ফল পান এবং দর্শকদের কাছে খেলাটি চরম উপভোগ্য হয়ে ওঠে। পরিচালকগণ তাদের ইচ্ছেমতো আইন তৈরিও করতে পারেন না বা তা প্রয়োগ করতেও পারেন না। কিন্তু যে পরিচালক প্রয়োগিক ও ব্যবহারিক কৌশলগুলিকে সংমিশ্রিত করে আইন - কানুন রূপে প্রয়োগ করতে পারেন তাঁকে কখনই খেলা পরিচালনার জন্য আইনের বই এর মুখাপেক্ষী হয়ে বসে থাকতে হয় না।

⊞ দর্শন সহজে সৃষ্টি করা যায় না। এটি তৈরি করতে দীর্ঘ সময় লাগে এবং দর্শন পরিবর্তনশীল। একজন উৎকৃষ্ট ক্রীড়া পরিচালক সব সময়েই শেখার মনোভাব নিয়ে ক্রীড়া পরিচালনা করেন। যে পরিচালক মনে করেন যে, তিনি পরিচালনা সম্পর্কিত সকল প্রকার জ্ঞানের অধিকারী হয়েছেন, তবে অচিরেই তিনি পরিচালনা ক্ষেত্রে নানা প্রকার বাধার সম্মুখীন হন। ক্রীড়া পরিচালনা একটি গতিশীল কর্মসূচি, যেখানে দ্রুত পট পরিবর্তন হয় এবং সময়ের সাথে সাথে পরিচালককে বহুসংখ্যক সিদ্ধান্ত গ্রহন করতে হবে। যথাযথভাবে আইন - কানুন গুলি প্রয়োগ করে ক্রীড়ার আদর্শ ও

মূল্যবোধ ধরে রাখাই পরিচালনার প্রধান চ্যালেঞ্জ।

অ্যামেরিকার 'ন্যাশনাল অ্যাসোসিয়েশন অফ স্পোর্টস অফিসিয়ালস রিপোর্ট', -এ বলা হয়েছে পরিচালকদের এটি অনুধাবন করতে সাহায্য করে যে ক্রীড়া ক্ষেত্রে তাদের মর্যাদা কী, লক্ষ্য ও আদর্শ কী এবং খেলাটি পরিচালনা করার প্রধান উপায় কী?

⊞ পরিচালনার দর্শন অনুসারে আমরা বিভিন্ন প্রকৃতির পরিচালক দেখতে পাই। কিছু পরিচালক আছেন যারা সর্বদা আইনের বই অনুসরণ করে থাকেন এবং ক্রীড়া পরিচালনা করতে গিয়ে তারা আইনের বই-এর বাইরে বের হতে পারেন না। এই পরিচালকরা বাস্তব পরিস্থিতির সম্মুখীন হলে বই এর পাতা হাতড়াতে থাকেন এবং বিপদগ্রস্ত হন। এরা খেলোয়াড় ও খেলা কারো উপরই সুবিচার করতে পারেন না। এই পরিচালকগন আইনের ব্যাপারে বিশেষজ্ঞ হন।

আর এক প্রকার পরিচালকগন বই স্পর্শ করেন না, কিন্তু তারা খেলাটিকে অন্তর দিয়ে উপলব্ধি করেন। এই পরিচালকগন বিশেষজ্ঞ পরিচালকদের তুলনায় সফল হলেও, জটিল পরিস্থিতিতে আইনের বিশ্লেষণ করতে এরা ব্যর্থ হন।

তৃতীয় প্রকার পরিচালকগন আইনে বই ও সাধারন জ্ঞানের মধ্যে সমন্বয় সাধন করতে পারেন, তারা খেলার পরিস্থিতি অনুসারে আইনটি বিশ্লেষন করতে পারেন ও তার প্রয়োগ করতে পারেন।

তবে মনে রাখতে হবে, খেলার মান ও স্তর অনুসারে প্রচেষ্টা ও ভুলের তত্ত্ব প্রয়োগ করে পরিচালক দের প্রতিনিয়ত শিখতে হয়, তাই বলা হয় পরিচালকগন জীবনব্যাপি শিখতে পারেন,

06.12.23